অতিজরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

২৮ জ্যৈষ্ঠ ১৪২০
11 জুন ২০১৩

স্মারক : সবিম/শাঃ ৫/উপজাতীয় সংস্কৃতি-১৫/২০১৩/ ৪০২

বিষয়: পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বসবাসরত বিভিন্ন জাতিসত্ত্বার সংস্কৃতি ভারতের মিজোরাম রাজ্য ও মিয়ানমার'এ বসবাসরত বিভিন্ন জাতিসত্ত্বার মানুষের সাথে সাংস্কৃতিক বিনিময়ের যোগসূত্র স্থাপন।

সূত্র : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর ডি.ও.পত্র ২৯.২০১,০৩৩.০০.০০.০২.২০১৩-৪০১, ২৪-০২-২০১৩।

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব দীপংকর তালুকদার, এমপি মিয়ানমার ও ভারতের মিজোরাম রাজ্যে বসবাসরত ক্ষুদ্র জাতিসত্ত্বাসমূহের সাথে বাংলাদেশের পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের ৩টি জেলা ও কক্সবাজার জেলায় বসবাসরত বিভিন্ন ক্ষুদ্র জাতিসত্ত্বার মানুষের মধ্যে সাংস্কৃতিক বিনিময়ের মাধ্যমে যোগসূত্র স্থাপনের জন্য সূত্রবদ্ধ পত্রের মাধ্যমে অনুরোধ জানিয়েছেন (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, মিয়ানমার ও ভারতের মিজোরাম রাজ্যের নিকটবর্তী পার্বত্য চট্টগ্রামের তিনটি ও কক্সবাজার জেলায় বসবাসরত বিভিন্ন ক্ষুদ্র জাতিসত্ত্বার মানুষের সাথে মিয়ানমার ও ভারতের মিজোরাম রাজ্যে বসবাসরত জাতিসত্ত্বসমূহের মানুষের কিভাবে এবং কি ধরণের সাংস্কৃতিক যোগসূত্র স্থাপন করা যেতে পারে সে বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ জানানো হলো।

১১/৬/১৩
মোহাম্মদ দাউদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১১০৯৭

বিতরণ :

১। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, বান্দরবান।
২। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, রাঙ্গামাটি।
৩। পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, খাগড়াছড়ি।
৪। পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।

প্রেরক- সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ভবন নং-৬, ১১ তলা বাংলাদেশ সচিবালয় ঢাকা-১০০০

অনুলিপি :

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

-২-

দীপংকর তালুকদার, এমপি
প্রতিমন্ত্রী

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপানুষ্ঠানিক পত্র নং ২৯.২০১.০৩৩.০০.০০:০২.২০১৩- ৪০৭

তারিখঃ ২৪-০২-২০১৩ইং
১২-১১-১৪১৯বাং

মাননীয় মন্ত্রী মহোদয়,

আমার শ্রদ্ধা গ্রহণ করবেন। আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে অবস্থিত পার্বত্য চট্টগ্রামে এগারটি উপজাতীয়/ক্ষুদ্র জাতিসত্তাসমূহের মানুষ বসবাস করে। প্রত্যেক সম্প্রদায়ের রয়েছে ভিন্ন ভিন্ন দীর্ঘদিনের ঐতিহ্যমন্ডিত সমৃদ্ধ ভাষা, কৃষ্টি ও সংস্কৃতি। সময়ের বিবর্তনে এই অঞ্চলের মানুষের ভাষা ও সংস্কৃতি বিকশিত ও সমৃদ্ধ হয়েছে। পার্বত্য চট্টগ্রামের পাশ্ববর্তী মিয়ানমার ও ভারতের মিজোরাম রাজ্যে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের মত বিভিন্ন নৃগোষ্ঠীর মানুষের বসবাস রয়েছে। সেখানকার মানুষের জীবনযাপন, ভাষা সংস্কৃতি পার্বত্য চট্টগ্রামের উপজাতীয়/ক্ষুদ্র জাতিসত্তাসমূহের সাথে যথেষ্ট সাদৃশ্য রয়েছে। পার্শ্ববর্তী দেশের সাংস্কৃতিক অবস্থা ও বিকাশ সর্ম্পকে ধারণা অর্জন ও অভিজ্ঞতা বিনিময়ের জন্য সে দেশ/রাজ্যের সাথে সাংস্কৃতিক প্রতিনিধিদল বিনিময় কার্যক্রমের সুত্রপাত করা-একটি উল্লেখযোগ্য উদ্যোগ হিসাবে বিবেচিত হতে পারে। সাংস্কৃতিক প্রতিনিধিদল আদান-প্রদানের মাধ্যমে আমাদের দেশের সাংস্কৃতিক অঙ্গন নতুন অভিজ্ঞতায় সম্মৃদ্ধ হবে। এরই ধারাবাহিকতায় উভয় দেশ/অঞ্চলের মানুষের মধ্যে যোগাযোগ বাড়বে ও বিভিন্ন সহযোগিতার ক্ষেত্র উন্মোচিত হবে। পরবর্তীতে উভয় অঞ্চলের মধ্যে ব্যবসা-বানিজ্য সম্প্রসারণ হওয়ার মাধ্যমে আমাদের দেশ অর্থনৈতিকভাবে লাভবান ও সমৃদ্ধশালী হবে।

২. প্রসঙ্গত উল্লেখ্য যে, গত ৪ ফেব্রুয়ারী ২০১৩ খ্রিঃ তারিখে আমি পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সচিবকে নিয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে সৌজন্য সাক্ষাৎ করি এবং বাংলাদেশের সাংস্কৃতিক ও অর্থনৈতিক বিকাশের স্বার্থে পার্শ্ববর্তী দেশ মিয়ানমার ও ভারতের মিজোরাম রাজ্যের সাথে বাংলাদেশের পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতীয়/ক্ষুদ্র জাতিসত্তাসমূহের সাংস্কৃতিক প্রতিনিধি দল বিনিময়ের সদূরপ্রসারী অনুকূল প্রভাব সম্পর্কে মাননীয় প্রধানমন্ত্রীকে বিষদভাবে অবহিত করি। এতে মাননীয় প্রধানমন্ত্রী মৌখিকভাবে সদয় সম্মতি জ্ঞাপন করেন।

৩. সাংস্কৃতিক প্রতিনিধিদল প্রেরণ ও অভিজ্ঞতা বিনিময়ের বিষয়টি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাভুক্ত। সেহেতু মিয়ানমার ও মিজোরামের সাথে আমাদের দেশের উপজাতীয়/ ক্ষুদ্র জাতিসত্তাসমূহের সাংস্কৃতিক প্রতিনিধি দল বিনিময় সংক্রান্ত প্রক্রিয়া সম্পন্নকরণের বিষয়ে আপনার মন্ত্রণালয় যথাযথ উদ্যোগ গ্রহণ করতে পারে। এই কার্যক্রমের ফলে সংশ্লিষ্ট দেশগুলোর সাথে আমাদের সাস্কৃতিক ও অর্থনৈতিক সহযোগিতার ক্ষেত্র প্রস্তুত হবে। পাশাপাশি এতদাঞ্চলে শান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখবে বলে আমি দৃঢ়তার সাথে বিশ্বাস করি।

এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ মৌখিক সম্মতি মোতাবেক মিয়ানমার ও ভারতের মিজোরাম রাজ্যের সাথে উপজাতীয়/ক্ষুদ্র জাতিসত্তাসমূহের সাংস্কৃতিক প্রতিনিধিদল বিনিময়ের ক্ষেত্র প্রস্তুত করে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের উপজাতীয়/ক্ষুদ্র জাতিসত্তাসমূহের সাংস্কৃতিক প্রতিনিধি দল উভয় দেশ/অঞ্চলে প্রেরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

২৪.২.১৩

(দীপংকর তালুকদার, এমপি)

জনাব আবুল কালাম আজাদ
মাননীয় মন্ত্রী
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
মাননীয় মন্ত্রীর দপ্তর
ডাইরী নং ঃ ২২৭৮
তারিখ ঃ ২৫/২/১৩